

আমার যাবার সময় হলো দাও বিদায়।  
মোছো আঁখি, দুয়ার খোলো দাও বিদায় ॥  
ফোটে যে-ফুল আঁধার রাতে  
ঝরে ধূলায় ভোরবেলাতে,  
আমায় তারা ডাকে— সাথে আয় রে আয়!  
সজল-করুণ নয়ন তোলো দাও বিদায় ॥  
অন্ধকারে এসেছিলাম  
থাকতে আঁধার যাই চলে।  
খনেক ভালোবেসেছিলাম,  
চিরকালের নাই হলে।  
হলো চেনা হলো দেখা  
নয়ন জলে রইলো লেখা  
দূর বিরহী ডাকে কেকা বরষায়।  
ফাগুন-স্বপন ভালো ভালো, দাও বিদায় ॥